

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
www.mofa.gov.bd

বিজ্ঞপ্তি

নং-১৯.০০.০০০০.১১৪.০৬.০০৩.২০(৩৭৭)/৭০৬

তারিখ: ০৬ নভেম্বর ২০২৪

বিষয়: একুশে পদক ২০২৫-এর জন্য মনোনয়ন প্রস্তাব প্রেরণের সময়সীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একুশে পদক ২০২৫ এর জন্য মনোনয়ন/প্রস্তাব প্রেরণের সময়সীমা ৩১ অক্টোবর ২০২৪ এর পরিবর্তে আগামী ১৪ নভেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। সরকারের নীতিমালা অনুযায়ী অন্যান্য বছরের ন্যায় ২০২৫ সালেও সরকার কর্তৃক ভাষা আন্দোলন, শিল্পকলা (সংগীত, নৃত্য, অভিনয়, চারুকলাসহ সকল ক্ষেত্র), মুক্তিযুদ্ধ, সাংবাদিকতা, গবেষণা, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, অর্থনীতি, সমাজসেবা, রাজনীতি, ভাষা ও সাহিত্য এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতস্বরূপ ব্যক্তি (জীবিত/মৃত), গোষ্ঠী, প্রতিষ্ঠান ও সংস্থাকে একুশে পদক প্রদান করা হবে।

০২। উল্লেখ্য যে, আগামী ১৪ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে একুশে পদক ২০২৫ এর মনোনয়ন/প্রস্তাব সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

০৩। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত এ সংক্রান্ত পত্র, একুশে পদক সংক্রান্ত নীতিমালা (২০১৯ পর্যন্ত সংশোধিত) ও একুশে পদকের মনোনয়ন ফরমসহ সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মারজান বেগম)

সিনিয়র সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

ফোন: ০২২২৩৩৫০৯০৪

ই-মেইল: as.randt@mofa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ (অনারারি কনস্যুলেট ব্যতীত);
- ০৩। সংশ্লিষ্ট নথি।